


যুগান্তর

ঢাবি ক-ইউনিটের ভর্তি পরীক্ষার ফল স্থগিত: সেট-এ ভুল

প্রকাশ : ২১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিটে চলতি শিক্ষাবর্ষে সম্মান প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল স্থগিত করা হয়েছে। একটি 'সেট'-এ ভুল থাকার অভিযোগের পরিপ্রেক্ষিতে রোববার দুপুরে ফল প্রকাশের পর সন্ধ্যায় তা স্থগিতের ঘোষণা দেয়া হয়। একই দিন চারুকলা অনুষদভুক্ত চ-ইউনিটের সম্মান প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

ঢাবির ওয়েবসাইটে দেয়া এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ক-ইউনিটের ভর্তি পরীক্ষার ফল স্থগিত করা হয়েছে। এ বিষয়ে ঢাবি ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগান্তরকে বলেন, কারিগরি ত্রুটির কারণে ক-ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল স্থগিত করা হয়েছে। শিগগিরই নতুন করে ফল প্রকাশ করা হবে। বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমেদ চৌধুরী সাংবাদিকদের বলেন, একটি সেট-এ ভুল ধরা পড়ায় ফলাফল স্থগিত করা হয়েছে। এবার ক-ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮৫ হাজার ৮৭৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এদিন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আখতারুজ্জামান প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করেন। এ সময় উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন ও ক-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. তোফায়েল, চারুকলা অনুষদের ডিন ও চ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুরত কুমার আদিত্য প্রমুখ।

গত ২০ সেপ্টেম্বর শুক্রবার ক-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। চ-ইউনিটের অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হয় ২৮ সেপ্টেম্বর। এতে ১ হাজার ২০২ জন ভর্তিচ্ছু অংশগ্রহণ করে। এর মধ্যে ৩৪৩ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ২৮ দশমিক ৫৩ শতাংশ। এই ইউনিটের আসন সংখ্যা ১৩৫টি। বিস্তারিত ফলাফল ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (admis

sion.eis.du.ac.bd) থেকে জানা যাবে। এ ছাড়া যে কোনো অপারেটরের মোবাইল ফোন থেকে DU CHA টাইপ করে ১৬৩২১ নম্বরে পাঠিয়ে ফিরতি এসএমএসের মাধ্যমে জানা যাবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২১ অক্টোবর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত নির্ধারিত ওয়েবসাইট থেকে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। একই সময়ে বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।